**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 24-01-2026** **Time: 1.30 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) বেকার যুবক-যুবতীদের চাকরির জন্য কেন্দ্রীয় সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছে, এজন্য ভারত বহু দেশের সঙ্গে চুক্তি করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন।

অষ্টাদশ জাতীয় রোজগার মেলায় শ্রী মোদী বলেন, এই মেলা এখন এক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে।

২) আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আগামীকাল তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৩) বাংলাদেশের বিএনপি, জামায়েত-ই-ইসলামিকে সেদেশের জাতীয় নিরাপত্তার জন্য হুমকি বলে বর্ণনা করেছে।

৪) মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবল শীতকালীন ঝড় আছড়ে পড়তে চলেছে। এই সপ্তাহান্তে তীব্র ঠান্ডা ও তুষারপাতের কবলে পড়বেন ২০ কোটি মানুষ।

৫) অস্ট্রেলিয়ান ওপেন টেনিসে আজ মেলবোর্নে তীব্র গরমের কারণে মূল কোর্টগুলোর ছাদ বন্ধ করে দেওয়া হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকার দেশে এবং বিদেশে যুবক-যুবতীদের জন্য নতুন নতুন সুযোগ সৃষ্টি করতে প্রয়াস চালিয়ে যাচ্ছে। এজন্য ভারত বহু

দেশের সঙ্গে বাণিজ্য ও অন্যান্য কর্মসংস্থান বিষয়ক চুক্তি করছে। যাতে দেশের দক্ষ যুবাদের জন্য কাজের সুযোগ আরও উন্মুক্ত হয়। প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লি থেকে ভার্চুয়ালী অষ্টাদশ জাতীয় রোজগার মেলায় ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, ২০১৪ সালের পর দেশে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ এফডিআই আসার হার আড়াই গুণ বেড়েছে।

বাইট

শ্রী মোদী আরও বলেন, রোজগার মেলা এখন এক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে। বিভিন্ন সরকারী দফতর থেকে লক্ষ লক্ষ যুবক-যুবতী ইতমধ্যেই নিয়োগপত্র হাতে পেয়েছেন।

বাইট

আজকের রোজগার মেলায় বিভিন্ন সরকারী দফতরের ৬১ হাজারেরও বেশি নব নিযুক্তদের মধ্যে নিয়োগ পত্র বন্টন করা হয়েছে। এই নব নিযুক্ত প্রার্থীরা শীঘ্রই বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক ও দফতরে যোগ দেবেন।

পশ্চিমবঙ্গের ২ জায়গায় এই রোজগার মেলার আয়োজন করা হবে। এর মধ্যে জলপাইগুড়িতে বিএসএফ-এর কার্যালয়ে এক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এছাড়াও উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের দিক্ বেড়িয়া ৭৪ নম্বর ব্যাটেলিয়ানের বিএসএফ ক্যাম্পেও এক অনুষ্ঠানে নিয়োগপত্র প্রদান করা হবে।

উল্লেখ্য, রোজগার মেলা চালু হওয়ার পর থেকে সারা দেশে এ পর্যন্ত ১১ লক্ষেরও বেশি নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

--------------------

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম বলেছে ভারতে একটি নতুন স্কিলস অ্যাক্সিলারেটর চালু হওয়ার জন্য বিশ্বব্যাপি এক শক্তিশালী নেটওয়ার্ক সৃষ্টি হয়েছে। এর ফলে ১ কোটিরও বেশি মানুষ উপকৃত হবেন।

সুইজারল্যান্ডের দাভোসে ৫৬তম বার্ষিক সভার সমাপ্তি অনুষ্ঠানে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ঘোষণা করেছে ভারতীয় অ্যাক্সিলারেটর দক্ষতা অর্জনের পথে সব বাধা দূর করবে। এই অ্যাক্সিলারেটরগুলি সরকার, শিল্পপতি এবং সাধারণ মানুষকে একত্রিত করে কর্মসংস্থান, দক্ষতার বিকাশ এবং অর্থনৈতিক উন্নতির নতুন দিশা উন্মচন করবে।

এই উদ্যোগের অঙ্গ হিসেবে, ২৫টিরও বেশি প্রযুক্তি সংস্থা ১২ কোটি কর্মীকে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তিতে প্রশিক্ষণ এবং চাকরির সুযোগ প্রদানে সহায়তা করার প্রতিশ্রুতি দিয়েছে।

---------------------

ইউরোপীয় কমিশনের ভাইস প্রেসিডেন্ট এবং সংগঠনের বিদেশ ও নিরাপত্তা বিষয়ক প্রতিনিধি কাজাকাল্লাস আজ সকালে তার প্রথম সরকারীভাবে ভারত সফরে এখানে এসে পৌঁছেছেন। বিদেশ মন্ত্রকের মুখপাত্র সমাজ মাধ্যমে এক বার্তায় বলেছেন, তাঁর এই সফর ভারত – ইউরোপীয় ইউনিয়ন সামরিক কৌশলগত অংশীদারিত্বের সম্পর্ককে আরও মজবুত করবে। ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন্ডার লিয়েন এবং ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট অ্যান্তনীয় কোস্টার ভারত সফরের প্রাক্কালে ইউরোপীয় ইউনিয়নের বিদেশ নীতি বিষয়ক প্রধানের এই ভারত সফর তাৎপর্যপূর্ণ। সোমবার নতুন দিল্লিতে সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে উরসুলা ভন্ডার লিয়েন এবং অ্যান্টনীয় কোস্টা প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন। নেতৃবৃন্দ এমাসের ২৭ তারিখে ভারত – ইউরোপীয় ইউনিয়ান শীর্ষ বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সহ সভাপতিত্ব করবেন।

---------------------

ভারত ও ব্রিটেনের মধ্যে দ্বৈত সামাজিক নিরাপত্তা প্রদানের বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নতুন দিল্লিতে আলোচনায় দুই দেশ পারস্পরিকভাবে লাভজনক এই চুক্তি সম্পন্ন করে। এর ফলে একই সঙ্গে দুই দেশে সামাজিক নিরাপত্তা প্রদানের প্রয়োজন আর থাকবে না। দুই দেশের নিয়োগকর্তা এবং দক্ষ কর্মীরাও উপকৃত হবেন।

২১ ও ২২শে জানুয়ারি অনুষ্ঠিত বৈঠকে বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব পি.এস. গঙ্গাধর এবং ব্রিটেনের জাতীয় বীমা নীতির উপ অধিকর্তা এডমন্ড হেয়ার উপস্থিত ছিলেন।

--------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ লখনউতে 'উত্তর প্রদেশ দিবস' উদযাপনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন। অনুষ্ঠানটি লখনউতে রাষ্ট্র প্রেরণা স্থলে অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে তিনি এক জেলা এক রন্ধন' প্রকল্প উদ্বোধন করবেন। এই উদ্যোগে উত্তর প্রদেশের প্রতিটি জেলার স্বতন্ত্র ঐতিহ্যবাহী খাবার তুলে ধরা হবে। এর সঙ্গে যুক্ত হচ্ছে মানোন্নয়ন, ব্র্যান্ডিং এবং বাজারে প্রবেশের সুযোগ। ফলে স্থানীয় খাবার দাবার শুধু আঞ্চলিক নয়, জাতীয় ও আন্তর্জাতিক স্তরেও স্বীকৃতি পাবে।

--------------------

দেশে বিদেশী মুদ্রার ভাণ্ডার - ফরেক্স , ১৬ ই জানুয়ারি শেষ হওয়া সপ্তাহে ১৪০ কোটি ১৬ লক্ষ মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ৭০ হাজার কোটি মার্কিন ডলারে পৌঁছেছে। রিজার্ভ ব্যাংক আর বি আই এর পক্ষ থেকে জানানো হয়েছে, আলোচ্য সপ্তাহে ইয়রো , পাউন্ড, ও ইয়েন এর মতো বিদেশী মুদ্রার দামের ওঠাপড়ার প্রেক্ষিতে ই ফরেক্স এর এই ঊর্ধ্বগতি।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ফ্ল্যাগশিপ কর্মসূচীর আওতায় প্ল্যাটফর্ম ফর প্রো-অ্যাকটিভ গভর্ননেন্স অ্যান্ড টাইমলি ইমপ্লিমেনটেশন-'প্রগতি' (PRAGATI)-এক উল্লেখযোগ্য মাইল ফলক অর্জন করেছে। ২০১৫য় প্রধানমন্ত্রী এর সূচনা করেন। এর আওতায় ছত্তিশগড়ে ৩০ নম্বর জাতীয় সড়কে রায়পুর কড়েবদ শাখা ৪ লেনের করার

ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। ৪৩ কিলোমিটার দীর্ঘ এই অংশ চার লেনে রূপান্তরিত করার কাজ চালাচ্ছে জাতীয় মহাসড়ক উন্নয়ন কর্তৃপক্ষ NHAI। ২০১৬-র সেপ্টেম্বরে প্রকল্পটি অনুমোদিত হয়। এজন্য খরচ ধরা হয় ৯-শো ৮৭ কোটি ৮৮ লক্ষ টাকা। পরে জমিটি DRDO-র হিসেবে চিহ্নিত হয়। যার জন্য প্রতিরক্ষা মন্ত্রকের আনুষ্ঠানিক অনুমোদন প্রয়োজন পড়ে। ২০২৩-এর ফেব্রুয়ারীতে প্রগতির আওতায় এই প্রকল্পটি পর্যালোচনা করা হয়। ওই বছরই বিশে জুন প্রকল্পটি কার্যকর হয়।

---------------------

আজ জাতীয় শিশু কন্যা দিবস। সমাজ ও পরিবারে কন্যা সন্তানদেরও পুত্র সন্তানের মতো সমান গুরুত্ব দেওয়া এবং তারা যে পরিবারের ওপরে চাপ নয় বরং বাড়ির সম্পদ - সেই বিষয়ে আলোকপাত করতে দেশ জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেছেন, মেয়েরা কোন বোঝা নয়, বরং সকলের শক্তি ও অনুপ্রেরণার উতস।এই প্রসঙ্গে তিনি রাণী লক্ষিবাই, রাণী ভেলু নাচিয়ার , মুলা গাভারু ও প্রীতিলতা ওয়াদ্দেদারের উদাহরন তুলে ধরেন। নরেন্দ্র মোদী সরকারের সুযোগ্য নেতৃত্বে নারী শক্তিকে জাতীয় অগ্রগতির পুরোভাগে নিয়ে আসা সম্ভবপর হয়েছে, মহিলারা আজ দেশের বিকাশের যাত্রাপথের শরিক বলেও উল্লেখ করেন তিনি।

---------------------

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী আজ ভারতরত্ন কর্পূরী ঠাকুরের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় উপরাষ্ট্রপতি শ্রী ঠাকুরকে একজন প্রকৃত জননায়ক হিসেবে বর্ণনা করেন।

তিনি তাঁর সরলতা, সততা ও প্রান্তিক মানুষের কল্যাণে অবিচল প্রতিশ্রুতির কথা স্মরণ করেন। তিনি আশা প্রকাশ করে বলেন, এই জননায়কের নীতিভিত্তিক জনসেবা দেশের মানুষকে অনুপ্রাণিত করার পাশাপাশি দেশের গণতান্ত্রিক মূল্যবোধকে আরও শক্তিশালী করবে।

সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী সমাজের শোষিত, বঞ্চিত এবং দুর্বল অংশের মানুষের কল্যাণে বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুরের অবদানের কথা স্মরণ করেন। তিনি আরও বলেন তাঁর সারল্য এবং জনসেবার প্রতি তাঁর নিষ্ঠা চিরকাল স্মরণীয় ও অনুকরণীয় হয়ে থাকবে।

---------------------

গত এক দশকে ভারতের বস্ত্র শিল্পে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। ২০১৪ সালে যেখানে এই শিল্পের বাজার ৮.৪ লক্ষ কোটি টাকার ছিল, আজ তা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১৬ লক্ষ কোটি টাকা। নতুন দিল্লিতে অনুষ্ঠিত ৭৪তম ভারত আন্তর্জাতিক বস্ত্র মেলায় যোগ দিয়ে বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং জানান, দেশের অভ্যন্তরীণ বাজারও বেড়েছে। ২০১৪ সালে ৬ লক্ষ কোটি টাকা থেকে ২০২৫ সালে তা বেড়ে হয়েছে ১৩ লক্ষ কোটি টাকা। অতিমারির পর থেকে রপ্তানি ২৫ শতাংশের বেশি বেড়েছে বলেও জানান তিনি।

---------------------

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি-র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, জামায়াতে ইসলামী বাংলাদেশ জাতীয় নিরাপত্তার জন্য হুমকি। ওই দল ১৯৭১ এর মুক্তিযুদ্ধেরও বিরোধিতা করেছিল। ঠাকুরগাঁওয়ে এক নির্বাচনী সভায় তিনি বলেন, যারা বাংলাদেশের জন্মই চায়নি, তাদের হাতে দেশ নিরাপদ থাকতে পারে

না। মুক্তিযুদ্ধের সময় জামায়াত দেশকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়ার পাশাপাশি মা-বোনদেরও অসম্মান করেছিল। ঠাকুরগাঁও-১ নম্বর আসনে প্রার্থী ফখরুল বলেন, বিএনপি স্বাধীনতার চেতনার প্রতি অঙ্গীকারবদ্ধ রাজনৈতিক শক্তি এবং জাতীয় উন্নয়নে ব্যাপক কাজ করেছে। তিনি ভোটারদের সঠিক সিদ্ধান্ত গ্রহণ এবং তথাকথিত মুক্তিযুদ্ধ 'বিরোধী শক্তি'-কে প্রত্যাখ্যান করারও আহ্বান জানিয়েছেন।

---------------------

রাষ্ট্রসংঘ মানবাধিকার সংস্থা ইরানে সরকার বিরোধি প্রতিবাদ আন্দোলনের ওপর সাম্প্রতি সরকারী নিরাপত্তা বাহিনীর তৎপরতার নিন্দা করেছে। জেনিভায় রাষ্ট্রসংঘ মানবাধিকার পরিষদের জরুরী অধিবেশনে হাই কমিশনার Volker Turk বন্দিদের জন্য উদ্বেগ প্রকাশ করেছেন এবং ইরানী কর্তৃপক্ষকে দমন পীড়ন বন্ধ করার বিষয়টি পুনর্বিবেচনা করতে বলেছেন। তিনি আরও বলেন, ৮-ই জানুয়ারী এই দমনপীড়নের তীব্রতা মাত্রা ছাড়িয়ে যায়। সুরক্ষা বাহিনীর গুলিতে হাজার হাজার মানুষের মৃত্যু হয়েছে। এর মধ্যে শিশুরা রয়েছে। এই ঘটনার তদন্তের জন্য আগের তদন্ত কমিটির মেয়ার আরও বৃদ্ধির জন্য একটি প্রস্তাবও পাঠ হয়েছে। ২০২২ সালে, এর আগে তদন্ত কমিটি গঠিত হয়েছিল। ইরান অবশ্য রাষ্ট্রসংঘ মানবাধিকার কমিশনের এই তদন্তকে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত প্রস্তাব খারিজ করে দিয়ে বলেছে, তাদের দেশের ঘটনার তদন্ত তারা নিজেরাই করতে পারবে। ফ্রান্স, মেক্সিকো এবং দক্ষিণ কোরিয়া সহ ২৫-টি দেশ এর স্বপক্ষে ভোট দেয়। চীন ও ভারত সহ ৭-টি দেশে বিরুদ্ধে ভোট দিয়েছে।

ইরানী –কানাডিয়ান রাষ্ট্রসংঘের প্রাক্তন কৌশুলি পায়াম আখাভান, ইরানের সাম্প্রতিক ইতিহাসে একে জঘন্যতম হত্যাকান্ড আখ্যা দিয়ে নুরেনবার্গের ধাঁচে আন্তর্জাতিক বিচারের আহ্বান জানিয়েছেন।

চীনের রাষ্ট্রদূত বলেছেন, ইরানের এই অশান্তি তাদের অভ্যন্তরীণ বিষয়। পাকিস্তান, কিউবা এবং ইথোপিয়া – মানবাধিক কমিশনের এধরনের কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলেছে।

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবল শীতকালীন ঝড় আছড়ে পড়তে চলেছে। এই সপ্তাহান্তে তীব্র ঠান্ডা ও তুষারপাতের কবলে পরবেন ২০ কোটি মানুষ। নিউ ইংল্যান্ড থেকে টেক্সাস পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় ইতিমধ্যেই ঝড় শুরু হয়ে যাওয়ায় শিকাগো এবং পশ্চিম মধ্য শহরগুলিতে স্কুলে ছুটি ঘোষনা করা হয়েছে। প্রবল ঝড়ের কারণে বিদ্যুৎ বিচ্ছিন্ন, বরফ জমে রাস্তা বন্ধ হয়ে যাওয়া এবং পরিবহন পরিষেবা বিঘ্নিত হওয়ার আশঙ্কা করা হচ্ছে। ঝোড়ো হাওয়ায় তাপমাত্রা হিমাঙ্কের নীচে নেমে যাবে বলে আশঙ্কা। উত্তির ও মধ্য সমতল ভাগে তা মাইনাস ৫০ ডিগ্রী ফারেনহাইটেও পৌঁছতে পারে। একাধিক প্রদেশে ঘোষনা করা হয়েছে জরুরী অবস্থা। জনগনকে পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকতে এবং অপ্রয়োজনে বাড়ির বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। একাধিক উড়ান সংস্থা তাদের বিমান পরিষেবা বাতিল করেছে। নিউ ইয়র্ক ও উত্তর শহরতলি সবথেকে খারাপ পরিস্থিতির সম্মুখীন হতে চলেছে বলে মনে করা হচ্ছে।

--------------------- ---------------------